গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

সংবাদ গতিধারা
জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার
সংখ্যা ৮০/২০১৮-১৯
ঢাকা, সোমবার ২২ অক্টোবর ২০১৮, ৭ কার্তিক ১৪২৫

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে

১। সৌদি আরব সফর নিয়ে প্রধানমন্ত্রীর সংবাদ সম্মেলন আজ

২। তরুণদের জন্য নিজের বর্তমানকে উৎসর্গ করেছি : প্রধানমন্ত্রী

৩। বাংলাদেশ ক্রিকেটদলকে প্রধানমন্ত্রীর অভিনন্দন

৪। সংসদের শেষ অধিবেশন শুরু, চলবে বৃহস্পতিবার পর্যন্ত

বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট বিল পাস

৫। বছরে ২ শতাংশ কমানো গেলে ১০ বছরে দারিদ্র্য দূর হবে : অর্থমন্ত্রী

৬। ছোট হবে নির্বাচনকালীন মন্ত্রিসভা : সেতুমন্ত্রী

৭। লিঙ্গবৈষম্য দূর করার ক্ষেত্রে পেশাগত দক্ষতার বিকল্প নেই : তথ্যমন্ত্রী

৮। সাত হাজার কলেজ শিক্ষককে প্রশিক্ষণ দেওয়া হবে : শিক্ষামন্ত্রী

৯। দেশে জঙ্গি, আইএসের অস্তিত্ব নেই : স্বরাষ্ট্রমন্ত্রী

১০। দেশেই তৈরি হবে বিদ্যুতের প্রিপেইড মিটার

১১। বেসরকারি বিভিন্ন সংস্থাও নারী উন্নয়নে প্রশংসনীয় ভূমিকা রাখছে : মহিলা ও শিশুবিষয়ক প্রতিমন্ত্রী

১২। অন্ধ ও প্রতিবন্ধী উপযোগী ফুটপাত তৈরি হচ্ছে : সংসদে এলজিআরডি প্রতিমন্ত্রী

১৩। নিরাপদ সড়ক দিবস আজ

চলমান পাতা-২

১। **সৌদি আরব সফর নিয়ে প্রধানমন্ত্রীর সংবাদসম্মেলন আজ**

আজ (২২ অক্টোবর সোমবার) সংবাদসম্মেলনে আসছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। বিকেল ৪ টায় প্রধানমন্ত্রীর সরকারি বাসভবন গণভবনে এ সংবাদসম্মেলন হবে। প্রধানমন্ত্রী শেখ হাসিনা গত ১৬ অক্টোবর মঙ্গলবার সৌদি আরবের বাদশাহ সালমান বিল আবদুল আজিজ আল সৌদের আমন্ত্রণে চার দিনের সফরে সৌদি আরব যান। তিনি সংবাদসম্মেলনের মাধ্যমে সৌদি আরব সফরের বিস্তারিত বিষয় তুলে ধরবেন বলে জানা গেছে। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.২,ক.১), **নিউজ টুডে** (শেষ পৃ,ক.১)।

২। **তরুণদের জন্য নিজের বর্তমানকে উৎসর্গ করেছি : প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা তরুণ প্রজন্মের সুন্দর ভবিষ্যতের জন্য নিজের বর্তমানকে উৎসর্গ করে বলেছেন, আমার বর্তমানকে উৎসর্গ করেছি তরুণ প্রজন্মের সুন্দর ভবিষ্যতের জন্য। তারাই ভবিষ্যতের বাংলাদেশ গড়বে, এগিয়ে নিয়ে যাবে। এ চলার গতিটা যেন কখনো থেমে না যায়। অগ্রযাত্রা যেন অব্যাহত থাকে। যতক্ষণ ক্ষমতায় আছি পরিবর্তনশীল বিশ্বের সঙ্গে তাল মিলিয়ে চলার জন্য প্রয়োজনীয় সবধরনের পদক্ষেপই গ্রহণ করবো। গতকাল (২১ অক্টোবর রোববার) গণভবন থেকে মোবাইল ফোন নম্বর অপরিবর্তিত রেখে অপারেটর বদলে 'মোবাইল নাম্বার পোর্টেবিলিটি' (এমএনপি) সেবার উদ্বোধনকালে প্রধানমন্ত্রী এসব কথা বলেন।

এছাড়া যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের উদ্যোগে উপজেলা পর্যায়ে ৬৬টি মিনি স্টেডিয়াম, ৬ জেলায় যুব প্রশিক্ষণকেন্দ্র এবং বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠানে মাল্টিমিডিয়া ইনডোর কমপ্লেক্স উদ্বোধন অনুষ্ঠানে প্রধানমন্ত্রী বলেন, আমি চাই প্রতিটি উপজেলায় মিনি স্টেডিয়াম করতে। কিন্তু জায়গার অভাবে অনেক স্থানে মিনি স্টেডিয়াম করা সম্ভব হচ্ছে না। তিনি দলীয় নেতাদের কাছে স্টেডিয়ামের জায়গা খোঁজার জন্য অনুরোধ করেন। তিনি বলেন, ক্রিকেট খেলা বাংলাদেশকে সারাবিশ্বে পরিচিত করেছে। একইসঙ্গে বাংলাদেশের সুনাম বয়ে এনেছে। তিনি বলেন, ক্রীড়া শিক্ষাপ্রতিষ্ঠান শুধু সাভারে না রেখে প্রতিটি জেলায় নেওয়া যায় কিনা সে চেষ্টা করতে হবে। প্রধানমন্ত্রী বলেন, তরুণ ক্রীড়াবিদদের উন্নত প্রশিক্ষণের জন্য সরকার দেশের প্রতিটি বিভাগীয় শহরে বিকেএসপি'র শাখা খুলবে। যুব উন্নয়ন কেন্দ্রগুলো সংস্কার করে তাতে সবধরনের প্রশিক্ষণের ব্যবস্থা চালু করার কথা বলেন তিনি। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৮), **যুগান্তর** (শেষ পৃ,ক.৬), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ.,ক.২), **নিউজ টুডে** (প.১,ক.৮)।

৩। **বাংলাদেশ ক্রিকেটদলকে প্রধানমন্ত্রীর অভিনন্দন**

জিম্বাবুয়ের বিরুদ্ধে তিন ম্যাচ সিরিজের প্রথমটিতে দাপুটে জয়ে বাংলাদেশ ক্রিকেটদলকে অভিনন্দন জানিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। গতকাল (২১ অক্টোবর রোববার) রাতে প্রধানমন্ত্রীর প্রেস উইং থেকে এ তথ্য জানানো হয়েছে। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.২)।

৪। **সংসদের শেষ অধিবেশন শুরু, চলবে বৃহস্পতিবার পর্যন্ত**
বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট বিল পাস

দশম জাতীয় সংসদের শেষ বা ২৩তম অধিবেশন শুরু হয়েছে। গতকাল (২১ অক্টোবর রোববার) স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরীর সভাপতিত্বে বিকেল পৌনে পাঁচটার দিকে অধিবেশন শুরু হয়। অধিবেশন শুরুর আগে সংসদ ভবনে অনুষ্ঠিত কার্যউপদেষ্টা কমিটির বৈঠকের সিদ্ধান্ত অনুযায়ী এ অধিবেশনটি আগামী বৃহস্পতিবার শেষ হয়ে যাবে।

স্পিকার সম্প্রতি প্রয়াত সাবেক সংসদ সদস্য মুক্তিযোদ্ধা শাহ আজিজুর রহমান, মুক্তিযোদ্ধা সাদির উদ্দিন আহমেদ, ভাষাসৈনিক শাহ মোঃ আব্দুর রাজ্জাক, আবদুল গণি ও শাহ্ মোস্তানজিদুল হক খিজিরের মৃত্যুতে শোক প্রস্তাব উত্থাপন করেন। এছাড়া কিংবদন্তী ব্যান্ড সংগীত শিল্পী আইয়ুব বাচ্চু, ভারতের প্রবীণ সাংবাদিক কুলদীপ

নায়ার, সাবেক নৌবাহিনী প্রধান মোশাররফ হোসেন খান, আগরতলা ষড়যন্ত্র মামলার আসামি করপোরাল (অব.) এম এ সামাদ, মুক্তিযুদ্ধের সংগঠক ড. সফর আলী আকন্দ, ঢাকা উত্তর সিটি করপোরেশনের প্যানেল মেয়র ওসমান গণি ও আওয়ামী লীগের প্রেসিডিয়াম সদস্য কাজী জাফরুল্লাহর মাতা কাজী জেবুন্নেসা বেগমের মৃত্যুতে শোক জানায় সংসদ। এছাড়া গতকাল সংসদে 'বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট বিল, ২০১৮' পাস হয়েছে। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ.,ক.১), **ভোরের কাগজ**, (পৃ.১১,ক.৬), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.৭), **ডেইলি সান**, (পৃ.৩,ক.১)।

৫। বছরে ২ শতাংশ কমানো গেলে ১০ বছরে দারিদ্র্য দূর হবে : অর্থমন্ত্রী

বাংলাদেশে বছরে দারিদ্র্য কমানোর হার এখনও ২ শতাংশের নিচে রয়েছে। ২ শতাংশে নিতে পারলে আগামী ১০ বছরে দেশ থেকে দারিদ্র্য দূর করা সম্ভব হবে বলে মনে করেন অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত। গতকাল (২১ অক্টোবর রোববার) বাংলাদেশ কিশোর-কিশোরী সম্মেলনের উদ্বোধন অনুষ্ঠানে তিনি এ কথা বলেন। 'মেধা ও মননে সুন্দর আগামী' স্লোগান সামনে রেখে বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলনকেন্দ্রে দিনব্যাপী এ সম্মেলনের আয়োজন করে পল্লী কর্মসহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ)। সূত্র-**সমকাল** (পৃ.১২,ক.২), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৯,ক.২), **ডেইলি সান** (পৃ.১,ক.৩)।

৬। ছোট হবে নির্বাচনকালীন মন্ত্রিসভা : সেতুমন্ত্রী

সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেছেন, জাতীয় নির্বাচনকে কেন্দ্র করে অল্প কয়েকদিনের মধ্যেই মন্ত্রিসভার আকার ছোট হয়ে যাবে। ১৫-২০ দিন পরেই নির্বাচনের তফসিল ঘোষণা হবে। তখন মন্ত্রিসভার আকার ছোট হয়ে যাবে। তারা শুধু রুটিন ওয়ার্ক করবে। ছোট আকারের এ মন্ত্রিসভায় কে কে থাকবেন, সে সিদ্ধান্ত প্রধানমন্ত্রী নেবেন। গতকাল (২১ অক্টোবর রোববার) রাজধানীর সোবহানবাগে ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটিতে 'কার্যকর ট্রাফিক ব্যবস্থাপনা : দেশের সার্বিক উন্নয়নের অনুঘটক' শীর্ষক এক গোলটেবিল বৈঠকে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.৮), **ইত্তেফাক** (পৃ.১,ক.৫), **অবজারভার** (শেষ পৃ.,ক.৮), **নিউ নেশন** (শেষ পৃ.,ক.১) ।

৭। লিঙ্গবৈষম্য দূর করার ক্ষেত্রে পেশাগত দক্ষতার বিকল্প নেই : তথ্যমন্ত্রী

সমগ্র গণমাধ্যমের উপর জঙ্গিবাদের থাবা রয়েছে বলে মন্তব্য করেছেন তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু। তিনি বলেন, নারী সাংবাদিকদের উপর নির্যাতন ও সন্ত্রাসী হামলা এ জঙ্গি সংগঠনগুলো করছে। লিঙ্গবৈষম্য দূর করার ক্ষেত্রে পেশাগত দক্ষতার বিকল্প নেই। গণমাধ্যম ও গণতন্ত্র হাত ধরাধরি করে চলতে হবে। জঙ্গি সন্ত্রাস থেকে টেনে তুলতে হবে গণতন্ত্রকে। 'নারী পুরুষের সমতা অর্জনে কলম হোক হাতিয়ার' শীর্ষক বাংলাদেশ নারী সাংবাদিক কেন্দ্রের তৃতীয় জাতীয় সম্মেলনে তিনি এ মন্তব্য করেন। গতকাল (২১ অক্টোবর রোববার) প্রেস ইনস্টিটিউট মিলনায়তনে এ সম্মেলন অনুষ্ঠিত হয়। সূত্র-**ইত্তেফাক** (পৃ.২.,ক.৪), **ভোরের কাগজ** (শেষ পৃ.,ক.৩), **নিউজ টুডে** (শেষ পৃ.,ক.৬), **এশিয়ান এজ** (পৃ.১,ক.৭)।

৮। সাত হাজার কলেজ শিক্ষককে প্রশিক্ষণ দেওয়া হবে : শিক্ষামন্ত্রী

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, কলেজ শিক্ষাকে আরও উন্নত মানে ও পর্যায়ে নিয়ে আসতে ৭০০ অধ্যক্ষকে ইউনিভার্সিটি অভ্ নটিংহাম মালয়েশিয়া থেকে 'এমএ ইন এডুকেশনাল লিডারশিপ এন্ড ম্যানেজমেন্ট' বিষয়ে প্রশিক্ষণ দেওয়া হবে। ৩০০ শিক্ষককে একই বিশ্ববিদ্যালয় থেকে 'মাস্টার ট্রেইনার প্রশিক্ষণ' দেওয়া হবে। ৫০০ শিক্ষককে 'ফিউচার লিডারশিপ প্রোগ্রামে'র আওতায় প্রশিক্ষণ দেওয়া হবে। মোট সাত হাজার কলেজ শিক্ষককে প্রশিক্ষণ দেওয়া হবে। গতকাল (২১ অক্টোবর রোববার) রাজধানীর সেগুনবাগিচায় আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট মিলনায়তনে 'কলেজ শিক্ষা উন্নয়ন প্রকল্প (সিইডিপি)' এর আওতায় আয়োজিত কর্মশালায়

প্রধান অতিথির বক্তৃতায় তিনি এসব কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.৪,ক.৫), **জনকণ্ঠ** (পৃ.৮,ক.২), **ডেইলি সান** (পৃ.২.,ক.৬)।

৯। দেশে জঙ্গি, আইএসের অস্তিত্ব নেই : স্বরাষ্ট্রমন্ত্রী

স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খাঁন বলেছেন, আজ দেশে জঙ্গি, আইএসের অস্তিত্ব নেই। আমরা আর দুর্নীতিতে বিশ্বচ্যাম্পিয়ন হতে চাই না। আমরা চাই একটি সমৃদ্ধ, উন্নত বাংলাদেশ গড়তে। আর সে লক্ষ্যেই প্রধানমন্ত্রী শেখ হাসিনা কাজ করে যাচ্ছেন। গতকাল (২১ অক্টোবর রোববার) নরসিংদীর বেলাব উপজেলার চরউজিলাব ইউনিয়নের দেওয়ানেরচর মাধ্যমিক বিদ্যালয় মাঠে এক সমাবেশে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। 'বঙ্গবন্ধু, মুক্তিযুদ্ধ ও স্বাধীনতা' শীর্ষক আলোকচিত্র গ্যালারি এবং দেওয়ানেরচর মাধ্যমিক বিদ্যালয়ে নতুন ভবনের উদ্বোধন উপলক্ষে এ সমাবেশের আয়োজন করা হয়। সূত্র-**সমকাল** (পৃ.৭,ক.১), **ইত্তেফাক** (শেষ পৃ.,ক.১)।

১০। দেশেই তৈরি হবে বিদ্যুতের প্রিপেইড মিটার

এখন থেকে দেশেই তৈরি হবে বিদ্যুৎ বিতরণের প্রিপেইড মিটার। রাষ্ট্রীয় বিদ্যুৎ বিতরণ প্রতিষ্ঠান ওয়েস্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি (ওজোপাডিকো) ও চীনের হেক্সিং ইলেকট্রিক্যাল কোম্পানি যৌথভাবে এ মিটার তৈরি করবে। গতকাল (২১ অক্টোবর রোববার) রাজধানীর বিদ্যুৎ ভবনে দুই প্রতিষ্ঠানের মধ্যে যৌথ মূলধনী কোম্পানি গঠনের চুক্তি স্বাক্ষর হয়েছে। চুক্তিতে ওজোপাডিকোর কোম্পানি সচিব আবদুল মোতালেব এবং হেক্সিংয়ের চেয়ারম্যান জো ইয়াং চেং স্বাক্ষর করেন। এ সময় বিদ্যুৎ প্রতিমন্ত্রী নসরুল হামিদ উপস্থিত ছিলেন। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.৫), **ইত্তেফাক** (পৃ.৩,ক.৬), **ডেইলি সান** বিজনেস পাতা (পৃ.১,ক.৬), **নিউ নেশন** (পৃ.১.,ক.২)।

১১। বেসরকারি বিভিন্ন সংস্থাও নারী উন্নয়নে প্রশংসনীয় ভূমিকা রাখছে : মহিলা ও শিশুবিষয়ক প্রতিমন্ত্রী

মহিলা ও শিশুবিষয়ক প্রতিমন্ত্রী মেহের আফরোজ চুমকি বলেছেন, সরকারের পাশাপাশি বেসরকারি বিভিন্ন সংস্থা নারী উন্নয়নে প্রশংসনীয় ভূমিকা রাখছে। তিনি বলেন, বাংলাদেশে পরিবার পরিকল্পনাকে জনপ্রিয় করতে এফপিএবি (ফ্যামিলি প্লানিং অ্যাসোসিয়েশন অভ্ বাংলাদেশ) অনেক গুরুত্বপূর্ণ অবদান রেখেছে। পরিবার পরিকল্পনা , প্রজনন স্বাস্থ্য ও নারী স্বাস্থ্যরক্ষায় এ সংস্থাটি যে কাজ করছে তা অব্যাহত রাখতে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় আরও সহযোগিতা করবে। গতকাল (২১ অক্টোবর রোববার) রাজধানীর নয়া পল্টনে বাংলাদেশ পরিবার পরিকল্পনা সমিতির প্রধান কার্যালয়ে শহীদ ময়েজউদ্দিন মিলনায়তনে 'এফপিএবি লটারি ২০১৮' উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় তিনি এসব কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.৩,ক.১), **ভোরের কাগজ** (পৃ.৭,ক.১), **বাংলাদেশ টুডে** (পৃ.২,ক.৫)।

১২। অন্ধ ও প্রতিবন্ধী উপযোগী ফুটপাত তৈরি হচ্ছে : সংসদে এলজিআরডি প্রতিমন্ত্রী

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় প্রতিমন্ত্রী মশিউর রহমান রাঙ্গা বলেছেন, আদালতের নির্দেশনার আলোকে ঢাকা উত্তর ও দক্ষিণ সিটি কর্পোরেশন কর্তৃপক্ষ সর্বদা ফুটপাত থেকে অবৈধ স্থাপনা উচ্ছেদ করতে বদ্ধপরিকর। ভবিষ্যতেও এ ধারা অব্যাহত থাকবে। এছাড়াও নতুনভাবে নির্মাণ-উন্নয়নকালে ফুটপাতগুলো অন্ধ ও প্রতিবন্ধীদের চলাচলের উপযোগী করে তৈরি করা হচ্ছে। জাতীয় সংসদে গতকাল (২১ অক্টোবর রোববার) এক প্রশ্নের জবাবে তিনি এ কথা বলেন। সূত্র-**যুগান্তর** (পৃ.১৭,ক.২), **নিউ নেশন** (পৃ.৩,ক.১)।

১৩। নিরাপদ সড়ক দিবস আজ

'আইন মেনে চলব, নিরাপদ সড়ক গড়ব'- এ প্রতিপাদ্যে দেশে দ্বিতীয়বারের মতো আজ (২২ অক্টোবর সোমবার) জাতীয় নিরাপদ সড়ক দিবস উদ্‌যাপন করা হচ্ছে। এ উপলক্ষে রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ এবং

প্রধানমন্ত্রী শেখ হাসিনা পৃথক বাণী দিয়েছেন। সূত্র-**যুগান্তর** (পৃ.৩,ক.১), **বাংলাদেশ টুডে** (পৃ.৩,ক.৩), **নিউ এজ** (পৃ.১.,ক.২)।

সম্পাদকীয়

ক. **সংবাদ :** বিশ্বব্যাংকের এক প্রতিবেদনে বলা হয়েছে, বাংলাদেশে পুষ্টিসমৃদ্ধ বা খাদ্য নিরাপত্তা রয়েছে এমন পরিবারগুলোতে ৫৫ ভাগ ছেলে এবং ৪৭ ভাগ মেয়ে অপুষ্টিতে ভুগছে উল্লেখ করে এ ব্যাপারে সচেতনতার আহ্বান।

খ. **সমকাল** : যশোরের নওয়াপাড়ায় পাল্লা দিয়ে ভৈরব নদ দখলের খবরে উদ্বেগ প্রকাশ করে দেশের নদ-নদীগুলো সুরক্ষায় কার্যকর পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

গ. **যুগান্তর :** উপকূলীয় এলাকাসহ দেশের বিভিন্ন অঞ্চলে নিরাপদ খাবার পানির সংকটের জন্য ভূগর্ভস্থ পানির স্তর নিচে নেমে যাওয়া অন্যতম কারণ উল্লেখ করে এ অবস্থায় উপকূলীয় এলাকায় বৃষ্টির পানি সংরক্ষণ, গভীর নলকূপ স্থাপনসহ নিরাপদ খাবার পানি নিশ্চিত করতে প্রয়োজনীয় ব্যবস্থা নিশ্চিত করার সুপারিশ।

ঘ. **ইনকিলাব :** নারায়ণগঞ্জের আড়াইহাজারে চার যুবকের ক্ষতবিক্ষত লাশ উদ্ধার করেছে পুলিশ উল্লেখ করে এ ধরনের নির্মম ঘটনার জন্য দায়ীদের চিহ্নিত করে বিচার দাবি।

ঙ. **বণিক বার্তা :** বিশ্বব্যাংকের প্রতিবেদন অনুসারে দেশে পরিবেশ দূষণে মৃত্যুজনিত শ্রমের ক্ষতির আর্থিক মূল্য বছরে প্রায় ৫১ হাজার কোটি টাকা উল্লেখ করে দূষণ প্রতিরোধে কার্যকর নীতি গ্রহণের মাধ্যমে তার সঠিক প্রয়োগ নিশ্চিত করার ওপর গুরুত্বারোপ।

চ. **ডেইলি সান** : মোবাইল কোর্টের অভিযানে ৫২ ধরনের নকল ও ভেজাল প্রসাধনী বাজেয়াপ্ত হওয়ার খবরে উদ্বেগ প্রকাশ করে মানবদেহের জন্য ক্ষতিকর এসব নকল প্রসাধনী যাতে বাজারে না থাকে সে ব্যাপারে কাঠোর পদক্ষেপ কামনা।

ছ. **ইন্ডিপেনডেন্ট** : বাংলাদেশে ধান উৎপাদনে কৃষকরা বাম্পার ফলন করায় স্বাগত জানিয়ে এর সাথে অন্যান্য ফসল , ফল ও সবজি উৎপাদনেও নজর দেওয়ার আহ্বান।

উপসম্পাদকীয়

ইত্তেফাক পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, প্রবীণ জনগোষ্ঠীর সামাজিক সুরক্ষা নিশ্চিত করতে হবে।

নিবন্ধ ও ফিচার

ইত্তেফাক পত্রিকায় প্রকাশিত **'বঙ্গবন্ধুর স্বপ্নের পথে বাংলাদেশের কৃষি'** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, কৃষির উৎকর্ষ সাধনে গবেষণার পরিমাণ আরও বাড়াতে হবে।

#

ডালিয়া/ফাহিমা/শুকলা/মরজিনা/সাঈদা/রশীদ/মাসুম/২০১৮/৯.০০ঘন্টা